দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 04 JUL 1988
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...

# ঢাকা আলিয়া মাদ্রাসা থেকে বিপুল পরিমাণ নকল উদ্ধার

শিক্ষা মন্ত্রণালয়ের একটি তদন্তকারী দল গতকাল ঢাকা আলিয়া মাদ্রাসা থেকে বিপুল পরিমাণ নকল উদ্ধার করেছেন। বর্তমানে সেখানে কামিল পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

বাসস জানায়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের নির্দেশে গঠিত তদন্তকারী দলের নেতৃত্ব দেন শিক্ষা উপ-সচিব

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## ঢাকা আলিয়া মাদ্রাসা

প্রথম পৃষ্ঠার পর

তাজুল ইসলাম। তদন্তকারী দল দেখতে পান পরীক্ষার্থীরা ব্যাপকভাবে নকলে ব্যস্ত রয়েছে। জিজ্ঞাসাবাদের প্রেক্ষিতে পরীক্ষার্থীরা বিপুল পরিমাণ লিখিত কপি সমর্পণ করে। তাদের কাছ থেকে তিন ব্যাগ ভর্তি নকল উদ্ধার করা হয়।

এর অল্পক্ষণ পরেই আলিয়া মাদ্রাসার একদল ছাত্র একটি পটকা ফোটায় এবং পরে তদন্তকারী দলের মোটরগাড়ীর ক্ষতিসাধন করে। এক পর্যায়ে তারা তদন্তকারী দলের ওপর হামলার চেষ্টা নেয়। দলের সদস্যরা তখন প্রিন্সিপ্যালের কক্ষে আশ্রয় নেন। পরে লালবাগ পুলিশের পাহারায় তারা সচিবালয়ে আসেন।

অসদুপায় অবলম্বনের জন্যে একজন ছাত্রকে বহিষ্কার করা হয়। মাদ্রাসার ছাত্ররা মোটরগাড়ীর ড্রাইভারকে প্রহার করে এবং তাতে আগুন ধরিয়ে দেয়।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, পরীক্ষায় নকল করার দায়ে উল্লেখযোগ্যসংখ্যক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মোহাম্মদ মাদ্রাসাসহ কয়েকটি কেন্দ্র বন্ধ করে দেয়া হয়েছে।

মন্ত্রী বলেন, পরীক্ষার হলগুলোতে আকস্মিক পরিদর্শনের সময় ছাত্রদের পাইকারী হারে নকল করতে দেখা গেছে। অনেকে কাপড়ের নীচে, এমনকি কিছুসংখ্যক পরীক্ষার্থীকে টয়লেটেও কপি করতে দেখতে পাওয়া যায়।

তদন্তকারী দলের মোটরগাড়ীটি এখন লালবাগ থানায়। এ ব্যাপারে একটি মামলা দায়ের করা হয়েছে।